ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৬১৫
খোয়াই, ২৯ আগস্ট, ২০২৫

**খোয়াইয়ে জাতীয় ক্রীড়া দিবস উদযাপিত**

খোয়াই সরকারি দ্বাদশ শ্রেণি বিদ্যালয় প্রাঙ্গণে এক অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ জাতীয় ক্রীড়া দিবস উদযাপন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন খোয়াই জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা সিংহরায় (দত্ত)। তিনি বলেন, নিয়মিত খেলাধুলা ও শরীরচর্চা শরীর ও মনকে সতেজ রাখে। সুস্থ দেহ ও সুস্থ মনের জন্য নিয়মিত খেলাধুলা করতে তিনি ছাত্রছাত্রীদের প্রতি আহ্বান জানান।

জেলা ক্রীড়া আধিকারিক কার্যালয়ের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন খোয়াই পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন নিবাস সাহা। উপস্থিত ছিলেন দপ্তরের ওএসডি ঋষিকেশ দেববর্মা, খোয়াই সরকারি দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনোজ দেববর্মা প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন জেলা ক্রীড়া আধিকারিক কমলেন্দু শীল। জাতীয় ক্রীড়া দিবস উদযাপন উপলক্ষ্যে খোয়াই দ্বাদশ শ্রেণি বিদ্যালয় মাঠে ৫টি ইভেন্টে ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। কর্মসূচি অনুযায়ী আগামী ৩০ ও ৩১ আগস্টও বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

******